the bell foundation

# আপনার শিশুকে শিখতে সাহায্য করা

## যে শিক্ষার্থীরা অতিরিক্ত ভাষা হিসেবে ইংরেজি (English as an Additional Language, EAL) ব্যবহার করেন তাদের পিতামাতাদের জন্য নির্দেশনা

## এটা কেন পড়বেন?

আপনি এখানে আপনার জন্য নিম্নলিখিত বিষয়ে বাস্তবসম্মত ধারণাগুলি পেতে পারেন:

1. স্কুল জীবনের সঙ্গে যুক্ত হওয়া
2. আপনার শিশুকে শিখতে সাহায্য করা

## 1.স্কুল জীবনের সঙ্গে যুক্ত হওয়া

যুক্তরাজ্যের স্কুলগুলি চায় যে পিতামাতারা স্কুল জীবনে সক্রিয়ভাবে যুক্ত হোন এবং আপনি ইংরেজিতে আত্মবিশ্বাসী না হলে বা আপনার কাজের দায়িত্ব থাকলে আপনাকে যুক্ত হতে সাহায্য করবে।

### সাহায্য করার জন্য এখানে কিছু ধারণা দেওয়া হল:



- আপনার যদি কিছু পাঠ্য বুঝতে অসুবিধা হয়, যেমন স্কুলের চিঠি বা স্কুলের ওয়েবসাইটে, তাহলে স্কুলকে জানান
- স্কুলের কর্মীরা যদি আপনার পক্ষে খুব দ্রুত কথা বলেন অথবা এমন শব্দ ব্যবহার করেন যা আপনি জানেন না, তাহলে তাদেরকে বলুন। এই জন্য আপনি যে সব নম্র বাক্য ব্যবহার করতে পারেন তার কয়েকটি এখানে দেওয়া হয়েছে:
    - *Could you speak more slowly, please? (আপনি কি অনুগ্রহ করে আরও ধীরে কথা বলতে পারেন?)*
    - *Could you say that again? I didn’t understand. (আপনি কি এটা আবার বলতে পারেন? আমি বুঝতে পারি নি)*
    - *I’m sorry, but I didn’t understand you. Could you please repeat that? (আমি দুঃখিত, কিন্তু আমি আপনার কথা বুঝতে পারি নি। আপনি কি দয়া করে এটা আবার বলবেন?)*
    - *Could you please tell me what ________ means? (আপনি কি আমাকে বলতে পারেন যে এটার ________ মানে কী?)*
    - *Could you repeat that word, please? I don’t know what it means. (আপনি কি এই শব্দটা আবার বলতে পারেন? আমি এটার মানে জানি না।)*
    - *Could you speak louder, please? I cannot hear what you said. (আপনি কি অনুগ্রহ করে একটু জোরে কথা বলবেন? আপনি যা বলেছিলেন তা আমি শুনতে পাই নি।)*



- আপনাকে স্কুলের যোগাযোগগুলি আরও ভালভাবে বুঝতে কী সাহায্য করবে সেটি স্কুলকে বলুন, যেমন কথ্য যোগাযোগের অনুবাদ





- স্কুলকে বলুন আপনার সঙ্গে যোগাযোগ করার জন্য, কখন সেরা **সময়** আপনার সঙ্গে যোগাযোগ করার জন্য, এবং আপনার সাথে যোগাযোগের সেরা **নম্বর**
- যদি পরিবারের অন্য কোনো সদস্যের ইংরেজিতে বেশি দক্ষতা থাকে এবং তিনি স্কুলের সঙ্গে যোগাযোগ করতে সাহায্য করতে পারেন, তাহলে স্কুলকে বলুন

- স্কুল এবং আপনার শিশুর শিক্ষা সম্বন্ধে স্কুলের কাছে তথ্য চান। আপনার বাড়ির ভাষায় এই তথ্য অনুবাদ করিয়ে দিতে বলুন। আপনার নিম্নলিখিত জিনিষের বিষয়ে জিজ্ঞাসা করা উচিত:

  স্কুলের সময়তালিকা

  আপনার শিশুর হোমওয়ার্ক

  পরীক্ষা ও টেস্ট (এগুলিকে কখনও কখনও 'মূল্যায়ন' বলা হয়)

  উপস্থিতি

  পাঠক্রম ও মূল পর্যায়গুলি

- আপনার মত একই ভাষায় কথা বলেন এমন অন্য পিতামাতাদের সঙ্গে পিতামাতাদের একটি গ্রুপে যোগ দিন। যদি স্কুলের কোনো গ্রুপ না থাকে, তাহলে তাদেরকে একটি গ্রুপ শুরু করতে বলুন।

- পিতামাতাদের সন্ধ্যায় উপস্থিত থাকুন। আপনি যদি নিজের ইংরেজির ব্যাপারে উদ্বিগ্ন থাকেন, তাহলে আপনি আপনার শিশুর অগ্রগতি সম্বন্ধে আলোচনা করার জন্য একজন শিক্ষকের সঙ্গে মুখোমুখি সাক্ষাতের জন্য অনুরোধ করতে পারেন। আপনি স্কুলকে জিজ্ঞাসাও করতে পারেন যে আপনাকে সাহায্য করার জন্য একজন অনুবাদক সেখানে থাকতে পারেন কিনা।

## 2.আপনার শিশুর শিক্ষায় কীভাবে সহায়তা করা যায়

যুক্তরাজ্যের স্কুলগুলি আশা করে যে শিশুরা হোমওয়ার্ক করবে এবং পিতামাতারা বাড়িতে শিক্ষালাভে সাহায্য করবেন ও উৎসাহ দেবেন।

আপনি কীভাবে আপনার শিশুকে শিখতে সাহায্য করতে পারেন সেই বিষয়ে এখানে কিছু ধারণা দেওয়া হয়েছে:

- আপনার শিশুর স্কুলের কাছে তাদের 'হোমওয়ার্ক বিষয়ক নীতি' জানতে চান, যাতে স্কুল কী প্রত্যাশা করে তা আপনি জানতে পারেন, এবং তারপরে আপনি আপনার শিশুকে তাদের হোমওয়ার্কে সাহায্য করতে পারেন

- শিশুদের হোমওয়ার্কে সাহায্য করার জন্য:
  - প্রশ্ন জিজ্ঞাসা করুন এবং পড়ানো বিষয়গুলি সম্বন্ধে আপনার প্রথম ভাষায় আলোচনা করুন
  - শব্দ অনুবাদ করার জন্য আপনার শিশুকে একটি দ্বিভাষিক শব্দকোষ ব্যবহার করতে উৎসাহিত করুন
  - আপনার শিশুকে ইংরেজি ও/বা তার প্রথম ভাষার যে কোনো নতুন শব্দ মনে রাখতে সাহায্য করার জন্য, তাদেরকে সেগুলি লিখে রাখতে উৎসাহিত করুন
  - আপনার শিশু যদি কিছু বুঝতে না পারে, তাহলে তাকে তার শিক্ষকদের জিজ্ঞাসা করতে উৎসাহ দিন

- আপনার শিশুর সঙ্গে বাড়িতে পড়ুন। আপনি আপনার প্রথম ভাষায় এটা করতে পারেন এবং ছবিগুলি সম্বন্ধে এবং গল্পে কী ঘটছে সেই সম্বন্ধে আলোচনা করতে পারেন। বড় বাচ্চাদের ক্ষেত্রে আপনি তাদের পড়া শুনতে পারেন, এবং তারা যদি শব্দগুলির মানে না জানে তাহলে তাদেরকে সেগুলি আন্দাজ করতে বলতে পারেন। এই ওয়েবসাইটগুলিতে ভিন্ন ভিন্ন অনেক ভাষায় গল্প আছে, এবং এগুলি বিনামূল্যে: World Stories (বিশ্বের গল্প) এবং Unite for Literacy (সাক্ষরতার জন্য একত্রিত হোন)।

- আপনার ইংরেজির উন্নতিতে সাহায্য করার জন্য একটি ক্লাসে যোগ দিন। কিছু স্কুল পিতামাতাদের জন্য ইংরেজি ক্লাস চালায়, তাই জিজ্ঞাসা করুন যে এটি উপলব্ধ আছে কিনা। আপনি আপনার স্থানীয় পরবর্তী শিক্ষার কলেজেও (Further Education College) ESOL ক্লাস খুঁজে পেতে পারেন। আপনি যদি একটি ক্লাসে যোগ দিতে না পারেন, অথবা স্বাধীনভাবে শিখতে চান, সেই ক্ষেত্রে আপনি ব্রিটিশ কাউন্সিলের (British Council) কাছ থেকে বিনামূল্যে ইংরেজি অনুশীলন পেতে পারেন।

The Bell Foundation
Hillscross
Red Cross Lane
Cambridge
CB2 0QU

www.bell-foundation.org.uk

**স্বত্বাধিকার**

সর্বস্বত্ব সংরক্ষিত। স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ব্যতীত এই প্রকাশনার কোনো অংশ কোনো রূপে (ফটোকপি করা বা বৈদ্যুতিন উপায়ে কোনো মাধ্যমে তা সংরক্ষণ করা সহ, তা সেটা অস্থায়ীভাবে বা দৈবক্রমে এই প্রকাশনার অন্য কোনো ব্যবহারের জন্য হোক বা না হোক)। এই প্রকাশনার কোনো অংশ পুনঃপ্রস্তুত করার জন্য স্বত্বাধিকারীর লিখিত অনুমতির জন্য আবেদনগুলি প্রকাশককে সম্বোধন করে করা উচিত।

স্বত্বাধিকার © The Bell Educational Trust Limited (The Bell Foundation হিসেবে কার্যরত)

The Bell Educational Trust Limited 5 এপ্রিল 1972 এ প্রতিষ্ঠিত, গ্যারান্টি নম্বর 1048465 দ্বারা সীমিত একটি দাতব্য কোম্পানি, এবং চ্যারিটি কমিশন (Charity Commission) নম্বর 311585 দ্বারা নিবন্ধিত একটি দাতব্য প্রতিষ্ঠান